ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# রোজদিন




বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

ROSEDIN ● Vol. - 1 ● Issue - 23 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

ই-পেপার ● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ১৭৯ ● কলকাতা ● ১৮ আষাঢ়, ১৪৩২ ● বৃহস্পতিবার ● ০৩ জুলাই ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## বিধানসভায় শপথ বাক্য পাঠ করলেন নবনিযুক্ত বিধায়ক আলিফা আহমেদ পাঠ করালেন স্পিকার বিমান বন্দ্যোপাধ্যায়



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

কলকাতা:- বিধানসভায় শপথ নিলেন কালীগঞ্জের নর্বনির্বাচিত বিধায়ক আলিফা আহমেদ। বুধবার দুপুরে এই শপথগ্রহণ অনুষ্ঠান হয়। বিধানসভার নৌসর আলি কক্ষে এদিন আলিফা আহমেদকে শপথবাক্য পাঠ করান বিধানসভার স্পিকার বিমান বন্দ্যোপাধ্যায়। শপথবাক্য পাঠের

এরপর ৩ পৃষ্ঠায়

# বিজেপির নবনিযুক্ত রাজ্য সভাপতি হতে চলেছে শমিক ভট্টাচার্য




**বেবি চক্রবর্তী: কলকাতা**

সুকান্ত মজুমদারের পরে রাজ্য বিজেপির সভাপতি হবেন কে, এনিয়ে জল্পনা ছিল। বুধবার সেই জল্পনার অবসান। রাজ্য বিজেপির নতুন সভাপতি হচ্ছেন শমীক ভট্টাচার্য। বুধবার বেলা গড়াতেই ফোন আসে জে পি নাড্ডার। তার পরই স্পষ্ট হয়ে যায় রাজ্য বিজেপির ব্যাটন যাচ্ছে শমীক ভট্টাচার্যের হাতেই। রাজ্য বিজেপি সূত্রে খবর দলের রাজ্য সভাপতি হওয়ার দৌড়ে অনেকটাই এগিয়ে ছিলেন শমীক। ফলে জল্পনা ছিল তিনিই হতে চলেছেন রাজ্য বিজেপির নতুন সভাপতি। সেই জল্পনাতেই এবার সিলমোহর পড়ল। গুরুত্বপূর্ণ বিষয় হল ২০২৬ সালের ভোটের আগে বিশাল দায়িত্ব আসতে চলেছে শমীকের কাঁধে। এখনওপর্যন্ত রাজ্য সভাপতিক কোনও নিশ্চয়তা নেই।২০১৪ সালে প্রথম উপনির্বাচন জয়ী। বিজেপি বিধায়ক বসিরহাট দক্ষিণ থেকে ২০১৪-১৬। ২০১৬ তে বসিরহাট দক্ষিণে ভোটে দাঁড়িয়ে পরাজিত হন

এরপর ৩ পাতায়






বিজ্ঞাপন

# আইডিএফসি ফার্স্ট ব্যাংক ১২টি দেশের এমআরআই গ্রাহকদের জন্য ইউপিআই পরিষেবা চালু করেছে

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

কলকাতা, জুন ২০২৫: আইডিএফসি ফার্স্ট ব্যাংক আজ ঘোষণা করেছে যে ব্যাংকের প্রবাসী ভারতীয় (NRI) গ্রাহকরা এখন তাদের আন্তর্জাতিক মোবাইল নম্বর ব্যবহার করে ইউপিআই পেমেন্ট করতে পারবেন। এনআরআইরা এখন ব্যাংকের মোবাইল অ্যাপ্লিকেশনের মাধ্যমে আইডিএফসি ফার্স্ট ব্যাংকের সাথে তাদের এনআরই বা এনআরও অ্যাকাউন্ট থেকে কোনও চার্জ ছাড়াই রিয়েল-টাইম ইউপিআই পেমেন্ট করতে পারবেন। উপরন্তু, তাদের আইডিএফসি ফার্স্ট ব্যাংক অ্যাকাউন্টগুলিকে অন্যান্য ইউপিআই-সক্ষম অ্যাপ্লিকেশনের সাথে লিঙ্ক করার নমনীয়তা রয়েছে। এই সুবিধাটি অস্ট্রেলিয়া, কানাডা, ফ্রান্স, হংকং, মালয়েশিয়া, ওমান, কাতার, সৌদি আরব, সিঙ্গাপুর, সংযুক্ত আরব আমিরাত, যুক্তরাজ্য এবং মার্কিন যুক্তরাষ্ট্রের 12টি দেশের সমস্ত আইডিএফসি ফার্স্ট ব্যাংক এনআরআই গ্রাহকদের জন্য ভারতের মধ্যে এনআরআই-মূল্যের লেনদেনের জন্য উপলব্ধ। এই নতুন বৈশিষ্ট্যের মাধ্যমে, আইডিএফসি ফার্স্ট ব্যাংক এনআরআইদের জন্য তার ডিজিটাল ব্যাংকিং প্ল্যাটফর্মে ইউপিআই পেমেন্টকে নির্বিঘ্নে একীভূত করেছে, যা সুবিধা এবং অ্যাক্সেসযোগ্যতা বৃদ্ধি করেছে। এনআরআই গ্রাহকরা এখন কিউআর কোড, ইউপিআই আইডি, অথবা মোবাইল নম্বর ব্যবহার করে তাৎক্ষণিকভাবে টাকা পাঠাতে এবং গ্রহণ করতে পারবেন। এর ফলে ব্যাংকটি তার এনআরআই গ্রাহকদের দেশীয় গ্রাহকদের মতোই সহজে এবং নিরাপদে তাদের আর্থিক ব্যবস্থাপনা পরিচালনা করতে সক্ষম হবে।

মূল সুবিধা:

কোনও ভারতীয় সিম প্রয়োজন নেই: এনআরই/ এনআরআও অ্যাকাউন্টের সাথে লিঙ্ক করা আপনার আন্তর্জাতিক মোবাইল নম্বর ব্যবহার করুন

তাৎক্ষণিক লেনদেন: কিউআর কোড/ ইউপিআই আইডি/মোবাইল নম্বর ব্যবহার করে টাকা পাঠান এবং গ্রহণ করুন অথবা বিল পরিশোধ করুন

কোনও লেনদেন ফি নেই: কোনও চার্জ ছাড়াই ইউপিআই পেমেন্ট উপভোগ করুন।

নিরাপদ এবং নির্ভরযোগ্য: দেশীয় ইউপিআই -এর মতো একই স্তরের নিরাপত্তা মান উপভোগ করুন

হেড ডিটেলস লায়াবিলিটিজ, আশীষ সিং বলেন, "আমাদের লক্ষ্য সর্বদা ব্যাংকিংকে সহজতর করা এবং উন্নত করা, যাতে আমাদের গ্রাহকরা যেখানেই থাকুন না কেন তারা সহজে লাভ নিতে পারে। আন্তর্জাতিক মোবাইল নম্বরে ইউপিআই পরিষেবা চালু করা আমাদের উদ্ভাবনের প্রতি প্রতিশ্রুতি এবং এনারআই প্রবাসীদের অনন্য চাহিদা পূরণের প্রমাণ।"

প্রবাসী ভারতীয়রা বিদেশে থাকাকালীনও ইউপিআই সুবিধা ব্যবহার করতে পারবেন, তবে শর্ত থাকে যে পেমেন্টগুলি ভারতের অভ্যন্তরে লেনদেনের জন্য করা হবে। এই ধরনের লেনদেনের জন্য কোনও বৈদেশিক মুদ্রার চার্জ প্রযোজ্য হবে না।

ইউপিআই লেনদেন সক্ষম করার এবং পেমেন্টের ৩টি সহজ স্টেপ:

স্টেপ 1: আইডিএফসি ফার্স্ট ব্যাঙ্ক অ্যাপে লগইন করুন এবং 'পে' এ ক্লিক করুন

স্টেপ 2: ব্যাংক অ্যাকাউন্ট লিঙ্ক করুন

স্টেপ 3: পেমেন্ট শুরু করতে ইউপিআই আইডি তৈরি করুন।

# মানব ধর্মকে বিশ্ব দুয়ারে পৌঁছে দেয়ার অভিনব প্রয়াস

**স্মৃতি বিশ্বাস**



অক্সফোর্ড বুকস্টোর, পার্ক স্ট্রিট-এ এক হৃদয়স্পর্শী সন্ধ্যায় আনুষ্ঠানিকভাবে প্রকাশ পেল ডঃ সুজিত পালের নতুন অনুপ্রেরণামূলক বাংলা বই "তুমিই তোমার পথ"। পাওয়ার পাবলিশার্স অ্যান্ড মোশন পিকচার্স আয়োজিত এই বিশেষ সন্ধ্যায় উপস্থিত ছিলেন শহরের বিশিষ্ট ব্যক্তিত্বরা, সাহিত্যপ্রেমী ও তরুণ প্রজন্মের আত্মঅনুসন্ধানী পাঠকবৃন্দ। সুজিত পাল, যিনি শুধু একজন লেখকই নন, একজন অভিজ্ঞ জীবনদর্শনবিদ, মোটিভেশনাল স্পিকার ও Dava India-র CEO, বইটির মাধ্যমে পাঠকদের জীবন নিয়ে নতুন করে ভাবতে উৎসাহ দেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খ্যাতনামা চলচ্চিত্র নির্মাতা সুদেষ্ণা রায়, সাহিত্য অকাদেমি পুরস্কারপ্রাপ্ত লেখক বিনোদ ঘোষাল, বিশিষ্ট কবি ও সাংবাদিক সাইয়েদ হাসমত জালাল, এবং জনপ্রিয় পরিচালক অভিজিৎ চৌধুরী। তাঁরা প্রত্যেকেই বইটির ভাবনা এবং বার্তা নিয়ে তাঁদের অনুভূতি ও ভাব ব্যক্ত করেন।

"পথ ও প্রেরণা: অন্তরে আলোর খোঁজ" – এই ভাবনায় আয়োজিত অনুষ্ঠানটি আত্ম-উন্মোচনের এক অনন্য সন্ধ্যা হয়ে উঠেছিল।

"তুমিই তোমার পথ" এখন পাওয়া যাচ্ছে সমস্ত প্রধান অনলাইন প্ল্যাটফর্মে।







(১ম পাতার পর)

# বিজেপির নবনিযুক্ত রাজ্য সভাপতি হতে চলেছে শমিক ভট্টাচার্য

দীপেন্দু বিশ্বাসের কাছে। ২০১৯ এ লোকসভা নির্বাচনে দমদম কেন্দ্র থেকে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করে সৌগত রায়ের কাছে পরাজিত হন। ২০২১ সালে বিধানসভা নির্বাচনে রাজারহাট গোপালপুর থেকে লড়াই করেন অদিতি মুন্সীর বিরুদ্ধে।গত ৪ এপ্রিল রাজ্যসভার সাংসদ হন। ২০২৪ এ কোর কমিটির সদস্য হিসেবে নির্বাচিত হন।শমীক ভট্টাচার্যের রাজ্য বিজেপির সভাপতি হওয়ার খবর শুনে দলের প্রাক্তন রাজ্য সভাপতি দিলীপ ঘোষ বলেন, আমাদের পার্টি গণতান্ত্রিক পার্টি। দলের সংবিধান অনুযায়ী প্রতি ৩ বছর অন্তর নির্বাচন হয়। গোটা দেশেই তা চলছে। পশ্চিমবঙ্গতেও তা চলছে। কেন্দ্রীয় নেতাদের সঙ্গে কথা বলে আমরা নেতা নির্বাচন করি, তাঁর নেতৃত্বে কাজ করি।

## হারিয়ে যাওয়া এবং চুরি যাওয়া মোবাইল ফোন প্রকৃত মালিকের হাতে তুলে দিল ফালাকাটা থানার পুলিশ



হরেকৃষ্ণ মন্ডল,ফালাকাটা

খোয়া যাওয়া মোবাইল ফোন উদ্ধার করে প্রকৃত মালিকদের হাতে তুলে দিল ফালাকাটা থানার পুলিশ।বুধবার আলিপুরদুয়ার জেলার ফালাকাটা থানার প্রাঙ্গন থেকে পুলিশকর্মীরা উদ্ধার হওয়া ৭০টি মোবাইল ফোন প্রকৃত মালিকদের হাতে তুলে দেয়।ফালাকাটা থানার আইসি অভিষেক ভট্টাচার্য বলেন,বিগত চার মাসে মোবাইল হারিয়ে যাওয়ার ১০০টি অভিযোগ

এরপর ৪ পাতায়

(১ম পাতার পর)

# বিধানসভায় শপথ বাক্য পাঠ করলেন নবনিযুক্ত বিধায়ক আলিফা আহমেদ পাঠ করালেন স্পিকার বিমান বন্দ্যোপাধ্যায়

সময় উপস্থিত ছিলেন অন্যান্যরা। দিন কয়েক আগেই ঠিক হয়েছিল বুধবার শপথ নেবেন কালীগঞ্জের নবনির্বাচিত বিধায়ক আলিফা আহমেদ। শপথবাক্য নেওয়ার আগে কিছু প্রয়োজনীয় কাজকর্ম ছিল। জরুরি কাগজপত্র সই করেন তিনি।নদিয়ার তৃণমূল বিধায়ক নাসিরউদ্দিন আহমেদ মারা গিয়েছিলেন। সেই কেন্দ্রে উপনির্বাচনের দিন ঘোষণা করে নির্বাচন কমিশন। ১৯ জুন উপনির্বাচনের দিন ঠিক হয়। তৃণমূল কংগ্রেসের থেকে প্রার্থী করা হয় নাসিরউদ্দিন আহমেদের কন্যা আলিফা আহমেদকে। প্রচারের শুরু থেকেই তিনি মানুষের কাছে পৌঁছে গিয়েছিলেন। জয়ের জন্য বরাবরই আশাবাদী ছিলেন। গত ১৯ জুন কালীগঞ্জে উপনির্বাচন হয়। ২৩ জুন উপনির্বাচনের ফলপ্রকাশ হয়। গতবারের থেকেও বেশি ভোটে তিনি জয়ী হন।মানুষের জন্য কাজ করবেন। সেই কথা আগেই জানিয়েছেন আলিফা আহমেদ।

# বেকারত্বের জ্বালায় কি চুরি! নবদ্বীপ শহরে এক সপ্তাহে বাড়ি,মন্দির, বিদ্যালয় সহ চার জায়গায় চুরি, চোরের উপদ্রবে চিন্তা গ্রস্ত সাধারণ মানুষ

ভিজিৎ সাহা, নবদ্বীপ, নদিয়া

চোরের উপদ্রবে এলাকায় চাঞ্চল্য ছড়িয়েছে। এক সপ্তাহের মধ্যে বেশ কয়েক জায়গায় চুরির খবর ছড়িয়ে পড়তেই নবদ্বীপ শহর জুড়ে চাঞ্চল্য সৃষ্টি হয়েছে বিভিন্ন এলাকায়। ভট্টপাড়ায় এক রেল কর্মীর বাড়িতে চুরির ঘটনার রেশ কাটতে না কাটতেই শ্রীচৈতন্য সরস্বত মঠ কোলেরডাঙ্গা জল মন্দিরের প্রণামী বাক্স চুরির ঘটনায় চাঞ্চল্য ছড়িয়ে পড়ে নবদ্বীপে। গত শনিবার গভীর রাতে ওই মন্দিরে বাক্স ভেঙে প্রণামির অর্থ চুরি যায় বলে অভিযোগ জানিয়েছে নবদ্বীপ থানায় মন্দির কর্তৃপক্ষ। মঠের ইনচার্জ ভক্তি সুন্দর বৈষ্ণব মহারাজ বলেন, আমাদের জল মন্দিরের সামনে প্রণামী বাক্স ভেঙে কে বা কারা চুরি করেছে রবিবার দুপুরে অভিযোগ দায়ের করা হয়েছে নবদ্বীপ থানায়। আমরা চাইছি এর সঠিক তদন্ত করে উপযুক্ত ব্যবস্থা নেওয়া হোক, বাক্সে কত পরিমাণ অর্থ ছিল তা জানাযায়িনী। ঘটনার তদন্ত শুরু করে রবিবার বিকালে দুজনকে গ্রেপ্তার করে পুলিশ। ধৃতদের নাম সুমিত ঘোষ ও রাজা ঘোষ দুজনের বাড়ি কোলের ডাঙ্গা এলাকায়।

নবদ্বীপ পুরসভার ২৩ নম্বর ওয়ার্ডের নন্দীপাড়া রোডের প্রাচীন পলকেশ্বর শিব মন্দির অবস্থিত। সোমবার সকালে মন্দির কমিটির এক সদস্য শিবলিঙ্গের মাথার সোনার চাঁদ এবং রুপোর বেল পাতা লক্ষ্য করে দেখেন নেই। এই খবর ছড়িয়ে পড়তেই এলাকায় চাঞ্চল্য সৃষ্টি হয়। নবদ্বীপ থানায় খবর দেওয়া হয় পুলিশ তদন্ত করতে আসেন। এলাকারই স্থানীয় সদস্য সুকান্ত গুই বলেন সকাল সাতটায় বাবাকে প্রণাম করতে মন্দিরে যাই, প্রণাম করতেই দেখি শিবের মাথায় সোনার চাঁদ এবং রুপোর বেলপাতা নেই। একটি ছেলে মন্দির পরিষ্কার করে সে সেই সময় কাজ ছেড়ে চলে যায়। শিব ঠাকুরের মাথায় তিন গ্রাম ওজনের সোনার চাঁদ এবং ২৪ গ্রাম ওজনের উপর বেলপাতা ছিল। মন্দির কমিটির সভাপতি নবেন্দু রাঢ়ী বলেন মন্দিরটি দেড় থেকে দুশো বছরের প্রাচীন, এই মন্দিরকে ঘিরে মানুষের ভাবাবেগ জড়িয়ে আছে।

নবদ্বীপ শহর বৈষ্ণবী শহর। এই ভূমিতে প্রচুর মঠ মন্দির অবস্থিত। প্রায় শোনা যায় বিভিন্ন মন্দির থেকে ঠাকুরের গহনা সহ জিনিসপত্র চুরি হচ্ছে। নবদ্বীপ প্রশাসনের তরফ থেকে বিভিন্ন মন্দিরে সিসি ক্যামেরা লাগানোর জন্য বলা হয়েছিল। কোন কোন মন্দির সিসি ক্যামেরা লাগিয়েছে অনেকেই লাগায়নি। থানা সূত্রে বলা হয় মন্দিরের বিভিন্ন ধরনের মানুষ আসেন যারা সেবার কাজে যুক্ত হন তাদের ঠিকানা আধার কার্ড যাচাই করে নেওয়া দরকার। মন্দিরে পূজা অর্চনার জন্য যাদের নিয়োগ করা হয় তাদের নাম নথিভুক্ত করা প্রয়োজন থানায়। এই সমস্ত সঠিক থাকলে তদন্ত করার পক্ষে সুবিধা বলে জানানো হয়েছে প্রশাসনের পক্ষ থেকে।

মন্দিরের চুরির পরে মঙ্গলবার নবদ্বীপ জাতীয় বিদ্যালয়ে ল্যাপটপ, হার্ড ডিস্ক কাসার ঘন্টার চুরি হয়েছে বলে বিদ্যালয় ও থানার সূত্রে খবর। চাঞ্চল্য ছড়িয়ে পড়ে শহরের উত্তরাঞ্চলে। নবদ্বীপ পুরসভা ২১ নম্বর ওয়ার্ডের প্রাচীন মায়াপুর এলাকায় এই বিদ্যালয় অবস্থিত। বিদ্যালয় সূত্রে খবর দুষ্কৃতীরা প্রথমে দোতালায় ওঠার সিঁড়ির গ্রিলের গেটের তালা ভেঙে ঢোকে। বিদ্যালয়ের ছটি সিসি ক্যামেরার তার কেটে বিচ্ছিন্ন করে

এরপর ৬ পাতায়

## সম্পাদকীয়

### কোভিড-১৯ টিকা এবং আকস্মিক মৃত্যুর মধ্যে কোনো যোগসূত্র পাওয়া যায়নি, কোভিড-পরবর্তী সময়ে প্রাপ্তবয়স্কদের আকস্মিক মৃত্যু নিয়ে বিশদ গবেষণার পর জানালো আইসিএমআর ও এইমস

আকস্মিক ও ব্যাখ্যাহীন মৃত্যুর বিষয়টি নিয়ে দেশের বিভিন্ন সংস্থা অনুসন্ধান চালিয়েছে। এইসব সমীক্ষা থেকে নিশ্চিতভাবে বলা যায়, কোভিড-১৯ টিকা এবং আকস্মিক মৃত্যুর মধ্যে কোনো যোগসূত্র নেই।

ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিকেল রিসার্চ (আইসিএমআর) এবং ন্যাশনাল সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল (এনসিডিসি)-এর করা সমীক্ষায় দেখা গেছে, ভারতে কোভিড-১৯ টিকা সম্পূর্ণ নিরাপদ ও কার্যকর, এর গুরুতর পার্শ্বপ্রতিক্রিয়ার ঘটনা বিরল। জিনসংক্রান্ত সমস্যা, জীবনযাপনের পদ্ধতি, আগে থেকে থাকা শারীরিক পরিস্থিতি, কোভিড পরবর্তী জটিলতা – যেকোনো কারণেই কোনো ব্যক্তি আকস্মিক হৃদরোগে আক্রান্ত হয়ে মারা যেতে পারেন।

আকস্মিক ব্যাখ্যাহীন মৃত্যুর কারণ অনুসন্ধানে আইসিএমআর ও এনসিডিসি একসঙ্গে কাজ করছে। বিশেষভাবে ১৮ থেকে ৪৫ বছর বয়সসীমার মানুষের আকস্মিক মৃত্যুগুলি খতিয়ে দেখা হচ্ছে। এক্ষেত্রে পৃথক গবেষণা দৃষ্টিভঙ্গী অবলম্বন করে দুটি পরিপূরক সমীক্ষার ব্যবস্থা করা হয়। প্রথম সমীক্ষাটি চালায় আইসিএমআর-এর ন্যাশনাল ইনস্টিটিউট অফ এপিডেমোলজি (এনআইই)। ২০২৩ সালের মে থেকে অগাস্ট মাসের মধ্যে ১৯টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের ৪৭টি হাসপাতালে এই সমীক্ষা চালানো হয়। ২০২১ সালের অক্টোবর মাস থেকে ২০২৩ সালের মার্চ মাসের মধ্যে আপাতভাবে সুস্থ বলে মনে হওয়া যেসব ব্যক্তি হঠাৎ মারা গিয়েছেন, তাঁদের নিয়ে এই সমীক্ষাটি করা হয়। এতে দেখা গেছে, কোভিড-১৯ টিকা তরুণদের মধ্যে আকস্মিক মৃত্যুর ঝুঁকি কোনোভাবেই বাড়ায়নি।

দ্বিতীয় সমীক্ষাটি চালায় নতুন দিল্লির অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিকেল সায়েন্সেস (এইমস)। আইসিএমআর এতে সহযোগিতা করে এবং অর্থের যোগান দেয়। এই সমীক্ষায় তরুণদের মধ্যে আকস্মিক মৃত্যুর সাধারণ কারণগুলি নির্ধারণের চেষ্টা করা হয়। লক্ষ করার বিষয় হল, এই সমীক্ষায় পূর্ববর্তী বছরগুলির মৃত্যুর তুলনায় এই সময়কালের মৃত্যুর কারণে কোনো বড় পরিবর্তন দেখা যায়নি। অধিকাংশ ব্যাখ্যাহীন মৃত্যুর ঘটনাতেই জেনেটিক মিউটেশনকে মৃত্যুর সম্ভাব্য কারণ হিসেবে চিহ্নিত করা হয়েছে। সমীক্ষা সম্পূর্ণ হলে এর চূড়ান্ত ফলাফল জানা যাবে।

প্রাপ্তবয়স্কদের মধ্যে আকস্মিক মৃত্যুর কারণ অনুসন্ধানে এই দুটি সমীক্ষা একযোগে চালানো হয়েছে। এর থেকে স্পষ্টভাবে বোঝা গেছে, কোভিড-১৯ টিকা কোনোভাবেই মৃত্যুর ঝুঁকি বাড়ায়নি।

বিজ্ঞানীরা আবারও বলেছেন, কোভিড টিকার সঙ্গে আকস্মিক মৃত্যুকে যুক্ত করে যেসব খবর প্রচারিত হচ্ছে, তা মিথ্যা ও বিভ্রান্তিকর। এর কোনো বৈজ্ঞানিক ভিত্তি নেই। কোনো বৈজ্ঞানিক প্রমাণ ছাড়া এই ধরনের প্রচার, টিকার প্রতি সাধারণ মানুষের আস্থার উপর আঘাত হানতে পারে। মনে রাখতে হবে, এই টিকা অতিমারীর সময়ে লক্ষ লক্ষ প্রাণ বাঁচিয়েছে। বিভ্রান্তিমূলক প্রচারের ফলে মানুষজন যদি টিকা নিতে দ্বিধাগ্রস্ত হয়ে পড়েন, সেক্ষেত্রে জনস্বাস্থ্যের উপর বিরুপ প্রভাব পড়তে পারে।

ভারত সরকার নাগরিকদের সুস্বাস্থ্য রক্ষায় প্রমাণভিত্তিক জনস্বাস্থ্য গবেষণায় অঙ্গীকারবদ্ধ।

## তুমি লক্ষ্মী-সরস্বতী



**মৃত্যুঞ্জয় সরদার**
**(দ্বাদশ পর্ব)**



'অতি পবিত্রতার' কারণে গঙ্গা এবং বিদ্যাবত্তার কারণে সরস্বতী নারায়ণের হৃদয় জয় করতে অসমর্থ হলে বিষ্ণু তাঁদের দু'জনকে যথাক্রমে মহাদেব ও ব্রহ্মাকে দান করে দেন।অনেক পরবর্তীকালে রচিত 'মৎস্যপুরাণ' অনুসারে, পরমাত্মার মুখনিঃসৃত শক্তিগুলির মধ্যে সরস্বতী সর্বশ্রেষ্ঠা । তিনি রূপে দেবীর ন্যায় পরমা সুন্দরী । মহাশ্বেতা (সর্বশুক্ল বা যার সর্বাঙ্গ শ্বেত বর্ণের) ও বীণাবাদিনী । সরস্বতী সম্পর্কে যত পুরাণ-কাহিনি পাওয়া যায়, সেগুলি থেকে, আর যাই হোক, বিদ্যার দেবীকে চরিত্রগত ভাবে শুদ্ধ বলা যায় না ! তাঁর জন্ম, প্রণয়,

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

(৩ পাতার পর)

## হারিয়ে যাওয়া এবং চুরি যাওয়া মোবাইল ফোন প্রকৃত মালিকের হাতে তুলে দিল ফালাকাটা থানার পুলিশ

জমা পড়ে থানায়।সেই অভিযোগের ভিত্তিতে পুলিশ তদন্ত করে ৭০ফোন উদ্ধার করে। উদ্ধার করা মোবাইল গুলোর অনেকাংশ গুজরাট এবং কেরালা থেকে উদ্ধার হয়েছে। জানা গিয়েছে,ফালাকাটা থানার সাইবার বিশেষজ্ঞ সাব ইন্সপেক্টর মিঠুন বর্মনের নেতৃত্বে একটি সাইবার টিম তৈরী করে এই সাফল্য আসে। আইসি অভিষেক ভট্টাচার্য বলেন,জনসাধারণকে পুরনো ফোন কেনার বিষয়ে সচেতন হতে হবে। মোবাইল কেনার আগে যাবতীয় কাগজপত্র যাচাই করে নিতে বলেছেন। মোবাইল ফোন ফিরে পাওয়ার পর জনৈক এক ব্যক্তি বলেন,মোবাইল ফোন হারিয়ে যাওয়ার পর তিনি থানায় অভিযোগ দায়ের করেছিলেন কিন্তু কোনভাবেই আশা করেননি যে ফোন ফিরে পাবেন। যদিও পুলিশের তরফ থেকে আশ্বাস দেওয়া হয়েছিল। অবশেষে আজ সত্যিই হাতে ফোন ফিরে পেয়ে ভীষণ খুশি তিনি।

### বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

অর্থাৎ দীপান্বিতা কালীপুজোর একটা ধারাবাহিকতা থাকতে পারে, যদিও কালীর মূর্তিরূপের বদল ঘটেছে। কিন্তু হরপ্পাতেও নগ্ন মাতৃকা পাওয়া গেছে (নরেন্দ্রনাথ ভট্টাচার্য ধর্ম ও সংস্কৃতি ১৬০)। এছাড়া ভয়াল মাতৃকা পাওয়া গেছে, সে আলোচনা ইতিমধ্যে আমরা দেখেছি।

**ক্রমশঃ**

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# মাননীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর "মন কি বাত" (১২৩ তম পর্ব) অনুষ্ঠানের বাংলা অনুবাদ

## (চতুর্থ পর্ব)

বিশেষ করে খাসি জনজাতির লোকেরা অনেক প্রজন্ম ধরে এটিকে আগলে রেখেছেন এবং নিজেদের কারিগরি দক্ষতার মাধ্যমে সমৃদ্ধ করেছেন। এই সিল্কের এমন অনেক বিশেষত্ব রয়েছে যা একে অন্যান্য ফেব্রিকের থেকে আলাদা করে। সবচেয়ে অনন্য বিষয় হলো এটি তৈরীর পদ্ধতি, এই সিল্ক পাওয়ার জন্য যে রেশম পোকা এটি তৈরি করে, তাকে মেরে ফেলতে হয় না, এই কারণে একে অহিংসা সিল্কও বলা হয়।

বর্তমান বিশ্বে এই ধরনের product এর চাহিদা দ্রুত হারে বৃদ্ধি পাচ্ছে, যে গুলিতে কোনও হিংসা নেই, আর প্রকৃতির উপর কোনও বিরূপ প্রভাবও পড়ে না, তাই, মেঘালয়ের এরি সিল্ক (Eri Silk) Global Market এর জন্য একটি Perfect Product । এর আরেকটি বিশেষ গুণ হলো, এই Silk শীতের সময় আপনাকে উষ্ণ রাখে এবং গ্রীষ্মে ঠান্ডা রাখে। এই বিশেষ বৈশিষ্ট্যটি এটিকে বেশিরভাগ অঞ্চলের জন্য গ্রহণযোগ্য করে তুলেছে। মেঘালয়ের মহিলারা এখন self help group এর মাধ্যমে এই ঐতিহ্যটিকে আরও বিরাট স্তর এ এগিয়ে নিয়ে যাচ্ছেন। আমি মেঘালয়ের মানুষদের এরি সিল্কের G I ট্যাগ পাওয়ার জন্য অভিনন্দন জানাচ্ছি। আমি আপনাদের সকলের কাছে আবেদন করছি, আপনারা অবশ্যই এরি সিল্ক দিয়ে তৈরি পোশাক try করে দেখুন এবং হ্যাঁ – খাদি, handloom handicraft , Vocal for Local, এই বিষয়গুলোও আপনাদের সবসময় মনে রাখতে হবে। যদি গ্রাহকরা কেবল ভারতে তৈরি product ই কেনেন, আর ব্যবসায়ীরা কেবল ভারতে তৈরি product ই বিক্রি করেন, তাহলে 'আত্ম-নির্ভর ভারত অভিযানে' নতুন শক্তি সঞ্চারিত হবে ।

আমার প্রিয় দেশবাসী, women led development এর মন্ত্র ভারতের নতুন ভবিষ্যৎ গড়ার জন্য প্রস্তুত। আমাদের মা, বোন এবং কন্যারা কেবল নিজেদের জন্য নয়, বরং সমগ্র সমাজের জন্য নতুন দিশা তৈরি করছেন। তেলেঙ্গানার ভদ্রাচলমের মহিলাদের সাফল্যের কথা জানলে আপনাদেরও ভালো লাগবে। এই মহিলারা একসময় ক্ষেত মজুর ছিলেন। তাঁরা রুজি রুটির জোগাড় করার জন্য দিনরাত কঠোর পরিশ্রম করতেন। আর সেই মহিলারাই আজ মিলেটস শ্রী অন্ন থেকে biscuit তৈরি করছেন। 'ভদ্রাদ্রী মিলেট ম্যাজিক' নামে এই বিস্কুটগুলি হায়দ্রাবাদ থেকে লন্ডনে যাচ্ছে। ভদ্রাচলমের এই মহিলারা Self Help group এ যোগদান করে প্রশিক্ষণ নিয়েছেন।

বন্ধুরা, এই মহিলারা আরও একটি প্রশংসনীয় কাজ করেছেন। এঁনারা 'গিরী স্যানিটারি প্যাড' তৈরি শুরু করেছেন। মাত্র তিন মাসে প্রায় ৪০,০০০ প্যাড উৎপাদন করে আশেপাশের স্কুল এবং অফিসে পৌঁছে দিয়েছেন, তাও সেটা অনেক কম মূল্যে।

বন্ধুরা, কর্ণাটকের কালবুর্গির মহিলাদের সাফল্যও অসাধারণ। তাঁরা জোয়ারের রুটিকে একটি ব্র্যান্ডএ পরিণত করেছেন। তাঁদের গঠিত সমবায় প্রতিদিন ৩০০০- এরও বেশি রুটি তৈরি করছে। এই রুটির সুবাস এখন আর কেবল গ্রামেই সীমাবদ্ধ নেই। বেঙ্গালুরুতে একটি বিশেষ কাউন্টার খোলা হয়েছে। অনলাইন ফুড প্ল্যাটফর্মে অর্ডার আসছে। কালবুর্গির রুটি এখন বড় বড় শহরের রান্নাঘরেও পৌঁছে যাচ্ছে। এর ফলে এই মহিলাদের ওপর চমৎকার প্রভাব পড়েছে, তাঁদের আয় বাড়ছে।

বন্ধুরা, বিভিন্ন রাজ্যের এই গল্পগুলিতে বিভিন্ন উদাহরণ রয়েছে, কিন্তু তাঁদের ঔজ্জ্বল্য একই। এই ঔজ্জ্বল্য আত্মবিশ্বাসের, আত্মনির্ভরতার। এমনই একটি উদাহরণ হলেন মধ্যপ্রদেশের সুমা উড়কে। সুমাজির প্রচেষ্টা অত্যন্ত প্রশংসনীয়। তিনি বালাঘাট জেলার কাটাঙ্গি ব্লকের স্বনির্ভর গোষ্ঠীতে যোগ দিয়ে মাশরুম চাষ ও পশুপালনের প্রশিক্ষণ নিয়েছিলেন। এর মাধ্যমে তিনি স্বনির্ভরতার পথ খুঁজে পান। সুমা উড়কের আয় যখন বাড়লো, তখন তিনি তাঁর কাজ আরও বিস্তৃত করলেন। ছোট্ট প্রচেষ্টায় শুরু হওয়া এই যাত্রা এখন "দিদি ক্যান্টিন" এবং "থার্মাল থেরাপি সেন্টার পর্যন্ত" পৌঁছে গেছে। দেশের প্রতিটি কোণে, এমন

ক্রমশঃ



### আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Randhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219, (Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364, (Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

### রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |



# গিনেস ওয়ার্ল্ড রেকর্ডসে ইতিহাস গড়ার পর, মিশন সেভ আর্থ ভারতের আহমেদাবাদে নতুন বিশ্বব্যাপী উদ্বোধনের ঘোষণা করেছে

স্টাফ রিপোর্টার, রোজদিন

আহমেদাবাদ, ভারত - [তারিখ সন্নিবেশ করুন] - "মায়ের নামে একটি গাছ" ব্যানারে মাত্র এক ঘন্টার মধ্যে 5,00,000 এরও বেশি গাছ লাগানোর ঐতিহাসিক কৃতিত্বের অর্জনের পর, সেভ আর্থ মিশন বিশ্বের দৃষ্টি আকর্ষণ করেছে এবং একটি বিশ্বব্যাপী জলবায়ু আন্দোলনকে অনুপ্রাণিত করেছে। গিনেস ওয়ার্ল্ড রেকর্ড ভাঙার এই প্রচারণা, যাতে ভারত জুড়ে বিপুল অংশগ্রহণ ছিল, এটি একটি আন্তর্জাতিক ইভেন্ট ছিল এবং ফোর্বস, ফক্স, বিজনেস ইনসাইডার এবং শীর্ষস্থানীয় জাতীয় ও আন্তর্জাতিক টিভি নেটওয়ার্কগুলির মতো বিশিষ্ট মিডিয়া প্ল্যাটফর্মগুলিতে প্রদর্শিত হয়েছিল।

এখন, পৃথিবী বাঁচাও অভিযান সমগ্র বিশ্বে ছড়িয়ে পড়ছে।

সংস্থাটি বিশ্বের সবচেয়ে বড় অনুষ্ঠান - সেভ আর্থ মিশন গ্লোবাল ভিশন আনভেইলিং - ঘোষণা করেছে – এটি একটি বড় সম্মেলন যা 2040 সালের মধ্যে 30 বিলিয়ন গাছ লাগানোর এবং বিশ্বকে কার্বন নিরপেক্ষতার দিকে নিয়ে যাওয়ার জন্য সেভ আর্থ মিশনের বিশ্বব্যাপী পরিকল্পনা চালু করবে।

এই অনুষ্ঠানটি 3 জুলাই, 2025 তারিখে, ভারতীয় সময় সন্ধ্যা 6.00 টায়, ভারতের আহমেদাবাদের গিফট সিটি ক্লাবে অনুষ্ঠিত হবে।

এই বিশ্বব্যাপী ঘোষণাপত্রটি সেভ আর্থ মিশনের যাত্রাপথে একটি বড় অগ্রগতির চিহ্ন – এটি এমন একটি প্ল্যাটফর্ম যেখানে সংস্থাটি তার সম্প্রসারিত রোডম্যাপ উন্মোচন করবে এবং একটি ঐক্যবদ্ধ জলবায়ু লক্ষ্যের দিকে আন্তর্জাতিক অধ্যায়গুলিকে একত্রিত করবে। সেভ আর্থ মিশনের বিশ্বব্যাপী নেটওয়ার্কের নেতা, প্রতিনিধি এবং স্বেচ্ছাসেবকদের অংশগ্রহণের প্রত্যাশিত এই অনুষ্ঠানটি দেশভিত্তিক বৃক্ষরোপণ অভিযান, নতুন বিশ্বব্যাপী সহযোগিতা এবং পুনর্বনায়ন এবং টেকসইতার দিকে ত্বরান্বিত পদক্ষেপের জন্য মঞ্চ তৈরি করবে।

এটি একটি বিশ্বব্যাপী জনসাধারণের ভোটদান প্রক্রিয়ার মাধ্যমে অর্জন করা হয়েছিল, যেখানে আবুধাবি, দুবাই, গোয়া, ব্যাংকক এবং আহমেদাবাদ সহ মনোনীত শহরগুলিকে সেভ আর্থ মিশনের বিশ্বব্যাপী সমাবেশে উপস্থাপন করা হয়েছিল। সর্বাধিক সংখ্যক প্রাপ্ত ভোটের মাধ্যমে, আহমেদাবাদকে আয়োজক শহর হিসাবে নির্বাচিত করা হয়েছিল, যা ভারতকে জলবায়ু কর্মের পরবর্তী অধ্যায়ের সূচনা বিন্দু হিসাবে স্থান দিয়েছে।

সেভ আর্থ মিশনের ইন্ডিয়া চ্যাপ্টারের সভাপতি সন্দীপ চৌধুরী বলেছেন, "এটি শুধুমাত্র ভারতের জন্য নয়, সমগ্র বিশ্বের জন্য একটি গর্বের মুহূর্ত। জনগণ বলেছে এবং আহমেদাবাদ বিশ্বব্যাপী জলবায়ু সংহতির প্রতীক হিসাবে আবির্ভূত হয়েছে।" "গ্লোবাল ভিশন উন্মোচনে, আমি বিশ্বব্যাপী বৃক্ষ রোপণ, আন্তঃসীমান্ত সহযোগিতার জন্য সেভ আর্থের মিশনের রোডম্যাপ উপস্থাপন করব এবং 2040 সালের মধ্যে 30 বিলিয়ন গাছের লক্ষ্যে পৌঁছানোর জন্য আমরা নাগরিক, কর্পোরেশন এবং সরকারকে কীভাবে সংগঠিত করব।"

সেভ আর্থ মিশন গ্লোবাল ভিশন প্রদর্শনীতে মূল প্রেজেন্টেশন, কৌশলগত অংশীদারিত্বের ঘোষণা, সম্প্রদায়ের গাছ লাগানোর অঙ্গীকার, সাংস্কৃতিক প্রদর্শনী, এবং গ্রহের পরিবেশ পুনরুদ্ধারের জন্য একীভূত বৈশ্বিক বিবৃতি থাকবে।

এই ঘটনাটি জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে বিশ্বের লড়াইয়ে একটি সন্ধিক্ষণ হিসেবে চিহ্নিত - এমন একটি মুহূর্ত যেখানে প্রতিশ্রুতির পরিবর্তে পদক্ষেপ নেওয়া হচ্ছে এবং একটি সবুজ, আরও টেকসই গ্রহের দিকে সম্মিলিত পদক্ষেপ নেওয়া হচ্ছে।

(৩ পাতার পর)

## বেকারত্বের জ্বালায় কি চুরি! নবদ্বীপ শহরে এক সপ্তাহে বাড়ি,মন্দির, বিদ্যালয় সহ চার জায়গায় চুরি, চোরের উপদ্রবে চিন্তা গ্রস্ত সাধারণ মানুষ

দেয়। দোতালায় প্রধান শিক্ষকের ঘর সহ আরো তিনটি ঘরের তালা ভেঙে ঢোকে। প্রধান শিক্ষকের ঘরের পাঁচটি আলমারি সহ মোট নটি আলমারি ভেঙেছে। বিভিন্ন কাগজপত্র লন্ডভন্ড করে চারিদিকে ছড়িয়ে রেখেছে। নবদ্বীপ থানা সূত্রে জানা যায় বিদ্যালয়ে আটটি তালা ভেঙে ল্যাপটপ, হার্ডডিস্ক, কাসার ঘন্টা সহ নগদ প্রায় ১৩ হাজার টাকা চুরি করে নিয়ে দুষ্কৃতীরা পালিয়েছে। দীর্ঘদিন ধরে কোন নৈশরক্ষী নেই বলে জানানো হয়েছে।

মঙ্গলবার সকাল সোয়া ছটা নাগাদ চতুর্থ শ্রেণীর কর্মী প্রশান্ত মন্ডল গোটা বিষয়টা প্রধান শিক্ষক সহ-শিক্ষক এবং স্কুল পরিচালন কমিটির সভাপতি কে জানান। প্রশান্ত মন্ডল বলেন আমার মা সন্ধ্যা মন্ডল এবং আমি মিলে প্রতিদিন স্কুলের সমস্ত ক্লাসরুম গুলো ঝাড়ু দি। মা এখানে কাজ করেন। বিদ্যালয়ের প্রধান শিক্ষক মদনমোহন মন্ডল বলেন ২০২১ সালের নভেম্বর মাস থেকে এই স্কুলের প্রধান শিক্ষক পদে আছি। ২০১১ সালে অবসর নিয়েছেন নিরাপত্তা রক্ষী। তারপর থেকে স্কুলে কোন নাইট গার্ড নেই। বিদ্যালয়ে মাধ্যমিক পরীক্ষার সেন্টারের জন্য স্কুলের সিসি ক্যামেরা লাগানো হয়েছে। স্কুল পরিচালন কমিটির সভাপতি ভোলাশঙ্কর সাহা বলেন বছর কুড়ি আগে এই বিদ্যালয়ে একবার চুরি হয়েছিল। আবার পুনরায় চুরি হলো। নবদ্বীপ অঞ্চলের বিভিন্ন স্কুলের ছাত্রছাত্রীদের আধার কার্ড তৈরির জন্য এই বিদ্যালয় ভবন একটি আধার সেন্টার রয়েছে। অপারেটর পায়েল বন্দ্যোপাধ্যায় বলেন মাল্টি ইউএসবি এক্সটেনশন কর্ড, জিপিএস ডিভাইস, আধার ফিঙ্গারপ্রিন্ট মেশিন চুরি হয়ে গিয়েছে।

এক সপ্তাহের মধ্যে দুঃসাহসিক চুরির ঘটনায় উত্তর থেকে দক্ষিণ অঞ্চল এলাকার মানুষজন চিন্তিত। জনসাধারণের প্রশ্ন এত চুরির ঘটনা সত্বেও প্রশাসন কেন নিশ্চুপ। কখনো এটিএম, কখনো বাড়িতে, কখনো মন্দিরে একের পর এক চুরির ঘটনায় সারা শহর জুড়ে চাঞ্চল্য সৃষ্টি হয়েছে। বহু বছর আগে নবদ্বীপে নৈশ রক্ষী বাহিনী গঠন করা হয়েছিল। নবদ্বীপের শুরু হয়েছিল সিভিক ভলেন্টিয়ার দিয়ে নৈশরক্ষী পাহারা। এখন সমস্তটাই বন্ধ হয়ে গেছে। কি কারনে এত চুরির উপদ্রব বেড়েছে! অনেকেই বলছেন বেকারত্ব! নেশা না জুয়োর বাড় বাড়ন্তের জন্য এই চুরি বেড়ে চলেছে। পুনরায় কি নৈশ রক্ষী পাহারা চালু করা সম্ভব হবে নবদ্বীপ শহরে!

# সিনেমার খবর

## ১৮ বছর পর এত বড় ফ্লপ, মানসিক অবসাদে ছিলেন আমির

স্টাফ রিপোর্টার, রোজদিন



'সিতারে জমিন পর' মুক্তির পর মুম্বাইয়ের সান্তাক্রুজে নিজ অফিসে বসে প্রথম আলোর মুম্বাই প্রতিনিধি ও আরও কয়েকজন সাংবাদিকের সঙ্গে খোলামেলা কথা বললেন বলিউডের 'মিস্টার পারফেকশনিস্ট' আমির খান। উঠে এল তাঁর নতুন ছবি, ব্যর্থতা, দর্শন ও ব্যক্তিজীবনের নানা গল্প।

আমির জানান, 'সিতারে জমিন পর' ছবিতে বিশেষ চাহিদাসম্পন্ন ১০ জন শিল্পীর সঙ্গে কাজের অভিজ্ঞতা ছিল সম্পূর্ণ ভিন্ন। তাঁদের সরলতা ও সহযোগিতাপূর্ণ আচরণ পুরো টিমকে অনুপ্রাণিত করেছে। "ওদের মধ্যে অহংকার নেই, নেই নিজেকে বড় করে দেখানোর প্রবণতা। বরং আমাদেরই শিখিয়েছে কীভাবে সহনশীল হতে হয়," বলেন আমির।

২০০৭ সালে মুক্তি পাওয়া 'তারে জমিন পর'-এর সিকুয়েল হলেও এবার পরিচালনায় ছিলেন না তিনি। কারণ হিসেবে বলেন, "আমি মূলত অভিনেতা। পরিচালনায় গেলে অভিনয় থেকে সরে যেতে হতো, যেটা আমি চাই না।"

'লাল সিং চাড্ডা'র ব্যাপক ব্যর্থতা নিয়ে আমির বলেন, "১৮ বছর পর এত বড় একটা ফ্লপ—আমি হতবাক হয়ে গিয়েছিলাম। মানসিক অবসাদে ছিলাম। পরিবার আমায় ধরে রেখেছে তখন। আম্মি, কিরণ, জুনাইদ, আইরা—ওদের ভালোবাসা আমাকে বাঁচিয়েছে। মজার বিষয়, ছবিটা হিট হলে হয়তো এতটা ভালোবাসা পেতাম না!"

'থাগস অব হিন্দুস্তান' নিয়েও খোলামেলা কথা বলেন তিনি। মুক্তির আগে ছবির সম্ভাব্য ব্যর্থতা আঁচ করেছিলেন আমির। প্রযোজক আদিত্য চোপড়াকে সাবধান করেছিলেন, তবে সেটি আমলে নেওয়া হয়নি। মুক্তির আগে নিশ্চিন্তে ঘুমিয়েছিলেন কারণ ফলাফল জানতেন।

আরও বলেন, শিশু ও বিশেষ চাহিদাসম্পন্ন মানুষদের নিয়ে কম ছবি হয় বলিউডে। "অনেক নির্মাতা মনে করেন বাজার নেই, কিন্তু 'তারে জমিন পর', 'চিল্লার পার্টি', 'স্ট্যানলি কা ডাব্বা'র মতো কাজ মানুষ মনে রেখেছে," জানান তিনি।

৮ ঘণ্টার কর্মঘণ্টা নিয়ে বিতর্ক প্রসঙ্গে আমির বলেন, "৮ ঘণ্টা কাজ, ৮ ঘণ্টা ঘুম, ৮ ঘণ্টা নিজের জন্য—এটাই আদর্শ হওয়া উচিত। যদিও আমি একসময় দিনে ১৬-১৮ ঘণ্টা কাজ করেছি। তবে অভিনয় আমার কাছে কাজ নয়, এটা আবেগের জায়গা।"

ব্যক্তিজীবন নিয়েও মুখ খোলেন আমির। গৌরীর সঙ্গে সম্পর্ক নিয়ে বলেন, "আমি গৌরীকে লুকাতে চাইনি। আমি চরম, গৌরী শান্ত। এ কারণেই আমরা পরস্পরের প্রতি আকৃষ্ট। ও আমার জীবনে শান্তি এনেছে, আমি ওর জীবনে রোমাঞ্চ (হাসি)।"

## বাবার মৃত্যুতে কান্না নয়, নির্জন দ্বীপে শোক ভাগ করেছিলেন প্রিয়াঙ্কা

স্টাফ রিপোর্টার, রোজদিন



'ড্যাডিজ লিটল গার্ল' বইটির মাধ্যমে প্রিয়াঙ্কা চোপড়ার বাবা ডা. অশোক চোপড়ার প্রতি মমতা ও ভালোবাসার গভীরতা বারবার প্রকাশ পেয়েছে। ২০১৩ সালে ক্যানসারে আক্রান্ত হয়ে বাবার মৃত্যুতে কার্যত ভেঙে পড়েছিলেন এই বলিউড তারকা। তবে বাবার মৃত্যুর শোক প্রকাশের ধরন ছিল একেবারেই ব্যতিক্রম।


বাবার মৃত্যুর মাত্র ছয় দিনের মাথায় মা মধু চোপড়ার জন্মদিন পালন করেন প্রিয়াঙ্কা। অনেকেই বিষয়টি দেখে বিস্মিত হয়েছিলেন, কেউ কেউ সমালোচনাও করেছিলেন। কারণ তিনি প্রকাশ্যে কাঁদেননি, বরং মা ও ভাইকে নিয়ে ঘুরতে বেরিয়ে পড়েন। তবে প্রিয়াঙ্কার মতে, এটিই ছিল তাঁর নিজের মতো করে শোক প্রকাশের উপায়।

এক সাক্ষাৎকারে প্রিয়াঙ্কা জানান, বাবার মৃত্যুর পর তাঁদের পরিবারে নেমে আসে নিস্তব্ধতা। মা মধু চোপড়াও নিজের কষ্ট ছেলেমেয়েদের সামনে প্রকাশ করেননি। এ পরিস্থিতিতে প্রিয়াঙ্কা সিদ্ধান্ত নেন পরিবারকে নিয়ে কিছু সময়ের জন্য দূরে কোথাও চলে যাওয়ার।

অভিনেত্রী মা ও ভাইকে নিয়ে চলে যান ব্রিটেনের একটি নির্জন দ্বীপে। প্রথম কয়েক দিন কারও মুখে তেমন কথা ছিল না। কিন্তু ধীরে ধীরে আবেগের দেয়াল ভাঙে, কথা বলা শুরু হয়, চোখের জলও ভাগাভাগি হয়। তিনজন একসঙ্গে কেঁদেছেন, শোক ভাগাভাগি করেছেন।

প্রিয়াঙ্কা বলেন, "আমরা আবার একে অপরের সঙ্গে বন্ধনের জায়গায় ফিরেছিলাম। ভাঙা হৃদয়গুলো ওই সফরে একসঙ্গে জোড়া লেগেছিল।"

## যুক্তরাষ্ট্রের মদদে পুড়ছে তেহরান, সরব বলিউডের ইরানি অভিনেত্রী মান্দানা



স্টাফ রিপোর্টার, রোজদিন

ইরানের তিনটি পারমাণবিক কেন্দ্রে যুক্তরাষ্ট্রের সামরিক হামলার পর মধ্যপ্রাচ্যে বাড়ছে যুদ্ধ পরিস্থিতি। এই উত্তেজনার প্রেক্ষাপটে নিজের দেশ ইরান নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেছেন বলিউডের ইরানি বংশোদ্ভূত অভিনেত্রী মান্দানা করিমি।

সামাজিক যোগাযোগমাধ্যমে এক দীর্ঘ আবেগঘন পোস্টে মান্দানা লেখেন, আমি ঠিক নেই। দেখে মনে হতে পারে, আমি স্বাভাবিকভাবে কাজ করছি। কিন্তু আমি ঠিক থাকার ভান করছি মাত্র। নিজের জন্য, পরিবারের জন্য যতটা সম্ভব করছি, কিন্তু মনটা ছিন্নভিন্ন হয়ে যাচ্ছে।

ইরান-ইসরায়েল সংঘাত এবং মধ্যপ্রাচ্যে চলমান অস্থিরতা নিয়ে মুখ খোলেন তিনি। বলেন, শিশুদের মৃত্যু দেখেও কীভাবে চুপ থাকা যায়! শুধু প্যালেস্টাইন বা ইরানে নয়— মধ্যপ্রাচ্যের বহু অঞ্চলে আমেরিকার অর্থায়নে বিস্ফোরণ ঘটছে। ইসরায়েল আক্রমণ করছে, আর বিশ্ব নীরব দর্শক হয়ে আছে!

বর্তমানে ইউরোপে অবস্থান করছেন এই অভিনেত্রী। তবু নিরাপদ দূরত্বেও তিনি অসহায়। লিখেছেন, শান্ত রাস্তা দিয়ে হাঁটার সময়ও মনে হয়, আমি ভূতের মতো চলছি। আমার মন পড়ে আছে আমার বাড়িতে— মা, ভাই, ভাতিজা-ভাতিজিরা আতঙ্কে দিন কাটাচ্ছে। পরবর্তী ক্ষেপণাস্ত্রটা যদি ওদের বাড়ির ওপরই পড়ে!

নিজের দেশ ইরানের প্রতি ভালোবাসা প্রকাশ করে মান্দানা জানান, ইরান বলতে আমি সরকার বা প্রশাসন বুঝি না। ইরান মানে আমার আমার দেশ, পরিবার ও আমার মানুষেরা। সেই ইরানই আজ মৃত্যুপুরীতে পরিণত হচ্ছে। এই পরিস্থিতিতে তিনি বিশ্ববাসীর প্রতি আহ্বান জানিয়েছেন, শুধু নীরব দর্শক না হয়ে প্রতিবাদে সরব হওয়ার। তিনি বলেন, আপনারা যদি কিছু না-ও করতে পারেন, অন্তত সম্মানটুকু দিন। যারা চোখের সামনে নিজের দেশটাকে ধ্বংস হতে দেখছে, তাদের যন্ত্রণাকে সম্মান করুন। এটা শুধু রাজনীতি নয়, এটা অসহনীয় বেদনার গল্প।

এ প্রসঙ্গে সংবাদমাধ্যমে কথা বলতে রাজি নন বলেও জানান মান্দানা। তার ভাষায়, আমি আর কিছু বলতে পারি না। ব্যথা দিয়ে ভরা এ সময়টায় শুধু চাই, মানুষ অন্তত অনুভব করুক আমাদের যন্ত্রণার গভীরতা।

# আর্জেন্টাইন ডিফেন্ডারের বিরুদ্ধে বর্ণবাদের অভিযোগ

**স্টাফ রিপোর্টার, রোজদিন**




ক্লাব বিশ্বকাপে পাচুকার বিপক্ষে ৩-১ গোলের জয়ে রিয়াল মাদ্রিদ আনন্দ পেলেও ম্যাচের একেবারে শেষ মুহূর্তে ঘটে যাওয়া একটি ঘটনা সেই আনন্দে ছায়া ফেলেছে। রিয়াল ডিফেন্ডার আন্তোনিও রুডিগার অভিযোগ করেছেন, পাচুকার আর্জেন্টাইন ডিফেন্ডার গুস্তাভো কাব্রাল তাকে বর্ণবাদমূলক ভাষায় অপমান করেছেন।

ঘটনাটি ঘটে ম্যাচের যোগ করা সময়ে, যখন দুইজন খেলোয়াড়ের মধ্যে ধাক্কাধাক্কি হয়। রুডিগার সঙ্গে সঙ্গে রেফারিকে বিষয়টি জানান এবং রেফারি রামন আবাতি ফিফার নির্ধারিত 'X' চিহ্নের ইঙ্গিত দেন (বুকে হাত ক্রস করে দেখানো), যা বর্ণবৈষম্যের অভিযোগের জন্য ব্যবহৃত হয়।

রিয়াল কোচ জাবি আলোনসো ম্যাচ শেষে বলেন, 'তোনি (রুডিগার) আমাদের জানিয়েছে সে কী শুনেছে। আমরা তাকে বিশ্বাস করি। এটি একেবারেই অগ্রহণযোগ্য। ফিফার প্রোটোকল অনুযায়ী এখন তদন্ত চলছে।'

পাচুকার খেলোয়াড় কাব্রাল অবশ্য বর্ণবাদী ভাষা ব্যবহারের অভিযোগ অস্বীকার করেছেন। তবে তিনি স্বীকার করেন যে, রুডিগারকে 'f----ing coward' (অশোভন ভাষায় কাপুরুষ) বলেছেন। কাব্রাল বলেন, "ওর (রুডিগার) সঙ্গে ধাক্কাধাক্কি হয়েছিল, ও বলল আমি হাত দিয়ে মারছি। আমি তখন তাকে 'f---ing coward' বলি, যেটা আর্জেন্টিনায় আমরা প্রায়ই বলি। এর মানে কোনো বর্ণবাদ নয়।"

পাচুকা কোচ জাইমে লোজানোও সরাসরি কোনো মন্তব্য না করে বলেন, 'আমি ঘটনাটি দেখিনি। ওর সঙ্গে কথা বলতে হবে। তবে কাব্রালের বিরুদ্ধে এরকম অভিযোগ আগে কখনও ওঠেনি।'

## মেসির মতো গোল করলেন আর্জেন্টিনার নতুন মেসি



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

বয়সভিত্তিক ফিফা বিশ্বকাপ দিয়ে আলোয় আসেন তরুণ ক্লদিও এচেভেরি। আর্জেন্টিনাকে চ্যাম্পিয়ন করে নতুন মেসি খেতাব পান বোকা জুনিয়র্স থেকে উঠে আসা তরুণ। তাকে দলে নিতে উঠে পড়ে লাগে ইউরোপের শীর্ষ পর্যায়ের ক্লাবগুলো।

বয়স ১৬ বছরের ঘরে থাকতেই পেপ গার্দিওলার চাওয়ায় ম্যানচেস্টার সিটি তাকে দলে ভেড়ায়। গত শীতকালীন দলবদলের মৌসুমে বয়স ১৮ হওয়ার পরে ম্যানসিটি ক্যাম্পে যোগ দেন আনুষ্ঠানিকভাবে। এক ম্যাচে অল্প একটু খেলার সুযোগও পেয়েছিলেন তিনি।

তবে আলোয় আসলেন ক্লাব বিশ্বকাপে সংযুক্ত আরব আমিরাতের ক্লাব আল আইনের বিপক্ষে গ্রুপ পর্বের ম্যাচে। শুরুর একাদশে জায়গা পেয়ে নতুন মেসি খ্যাত এচেভেরি আর্জেন্টাইন কিংবদন্তি লিওনেল মেসির মতো এক ফ্রি কিক গোলে ম্যানসিটিতে গোলের খাতা খুলেছেন।

ম্যানসিটির ৬-০ গোলের জয়ে এচেভেরি ২৭ মিনিটে জালে বল পাঠান। সেটাও দুর্দান্ত এক ফ্রি কিক থেকে। বক্সের বাহির থেকে তার ডান পায়ে নেওয়া ফ্রি কিক বুঝেই উঠতে পারেননি আল আইনের গোলরক্ষক। শুধু গোল নয় ম্যাচে ৪৫ মিনিট খেলে খুবই সাবলীল ছিলেন তিনি। ম্যাচে রেটিং পেয়েছেন ১০ এর মধ্যে ৯।

যে কারণে ম্যানসিটির নতুন লিগ মৌসুমে শুরুর একাদশে নিয়মিত খেলার দাবিদার বনে গেছেন তিনি। চলতি ক্লাব বিশ্বকাপে মেসিও ফ্রি কিক থেকে দুর্দান্ত এক গোল করেছেন। তার গোলে ইউরোপের দল পোর্তর বিপক্ষে জয় পেয়েছে ইন্টার মিলান।

## কাঁধের অস্ত্রোপচারের সিদ্ধান্ত বেলিংহ্যামের

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



দীর্ঘদিনের কাঁধের সমস্যার অবসান ঘটাতে অবশেষে অস্ত্রোপচারের সিদ্ধান্ত নিয়েছেন রিয়াল মাদ্রিদের ইংলিশ মিডফিল্ডার জুড বেলিংহ্যাম। চলতি ক্লাব বিশ্বকাপ শেষে তিনি অস্ত্রোপচারের জন্য ছুরিকাঁচির নিচে যাবেন বলে নিজেই নিশ্চিত করেছেন।

মাত্র ২১ বছর বয়সেই ক্লাব ও জাতীয় দলের অন্যতম নির্ভরযোগ্য খেলোয়াড়ে পরিণত হয়েছেন বেলিংহ্যাম। তবে ২০২৩ সালে বরুশিয়া ডর্টমুন্ড থেকে রিয়াল মাদ্রিদে যোগ দেওয়ার পরই তার কাঁধে চোট লাগে। সেই থেকেই কাঁধে স্ট্র্যাপিং করে খেলতে হচ্ছে তাকে। যদিও কিছু সময়ের জন্য মাঠের বাইরে ছিটকে পড়েছিলেন, কিন্তু পুরোপুরি সেরে ওঠেননি।

গত দুই বছর ধরে এই অস্বস্তিকর চোট নিয়েই খেলে যাচ্ছেন বেলিংহ্যাম। তবে এবার ধৈর্যের সীমা অতিক্রম করে অস্ত্রোপচারের পথেই হাঁটছেন তিনি।

রবিবার ক্লাব বিশ্বকাপে মেক্সিকোর ক্লাব পাচুকাকে ৩-১ গোলে হারায় রেয়াল মাদ্রিদ। ম্যাচে দলের হয়ে প্রথম গোলটি করেন বেলিংহ্যাম। ম্যাচ শেষে নিজের অস্ত্রোপচার নিয়ে কথা বলেন তিনি।

তিনি বলেন, 'ব্যথা খুব বেশি না হলেও, প্রতিনিয়ত স্ট্র্যাপিং করে খেলতে খেলতে হাঁপিয়ে উঠেছি। অতিরিক্ত ঘামে ওজনও কমছে। তাই সিদ্ধান্ত নিয়েছি এই টুর্নামেন্টের পর অস্ত্রোপচার করাব। দীর্ঘদিন ধরে অপেক্ষা করছি, এবার আর নয়। আমি মুক্তভাবে খেলতে চাই।'

রিয়াল মাদ্রিদে যোগ দেওয়ার পর প্রথম মৌসুমেই দুর্দান্ত পারফরম্যান্সে নজর কাড়েন বেলিংহ্যাম। লা লিগা ও চ্যাম্পিয়ন্স লিগ জয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন তিনি। ক্লাবের অন্যতম প্রধান খেলোয়াড়ে পরিণত হয়েছেন দ্রুতই।

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O. : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR